



শাহজালাল কার্গো ভিলেজে আগুন, রোবট দিয়ে নিয়ন্ত্রণের চেষ্টা



সংগৃহীত ছবি

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে কার্গো ভিলেজে অগ্নিকাণ্ডের ঘটনায় ফায়ার সার্ভিস রিমোট কন্ট্রোল রোবট ব্যবহার করে আগুন নেভানোর চেষ্টা করছে।

১৩টি স্টেশনের ৩৭টি ইউনিট এবং সামরিক বাহিনী আগুন নিয়ন্ত্রণে কাজ করছে।

শনিবার (১৮ অক্টোবর) দুপুর আড়াইটার দিকে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজে আগুনের ঘটনা ঘটে। ফায়ার সার্ভিসের কর্মীরা রিমোট কন্ট্রোল ফায়ারফাইটিং রোবট ব্যবহার করে আগুন নিয়ন্ত্রণে চেষ্টা চালাচ্ছেন।

এছাড়া ফায়ার সার্ভিসের ১৩টি স্টেশনের মোট ৩৭টি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ করছে। বাংলাদেশ বিমানবাহিনীর দুটি ফায়ার ইউনিট, নৌবাহিনী ও সেনাবাহিনীও আগুন নিয়ন্ত্রণে সহায়তা করছে। বিজিবির দুটি প্লাটুন উদ্ধার কার্যক্রমে যুক্ত হয়েছে।

শেষ খবর পাওয়া পর্যন্ত সকাল ৬টা পর্যন্ত পুরোপুরি আগুন নিয়ন্ত্রণে আনা যায়নি। প্রাথমিকভাবে আগুন লাগার কারণ এবং ক্ষয়ক্ষতির পরিমাণ এখনও নির্ধারণ হয়নি।